

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে মতবিনিময় ও উদ্বুদ্ধকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী ওয়াছি উদ্দিন
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) ও
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট,
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ : ৩১ ডিসেম্বর ২০১৯।
সময় : বেলা ০৩.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) এর সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হলো।


২। সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। তিনি বিগত সভায় গৃহীত সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন অগ্রগতি জানতে চান। আলোচনাকালে সভায় জানানো হয়, বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। সভাপতি কর্মপরিকল্পনার আলোকে করণীয় বিষয়গুলো উপস্থাপনের জন্য ড.অমিতাভচক্রবর্তী, উপসচিব (প্রাণিসম্পদ-২) কে আহ্বান জানালে প্রশিক্ষণ, আইনের তালিকা হালনাগাদকরণ, প্রকল্প পরিদর্শন, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও কর্মপরিকল্পনার কার্যক্রমের ৯নং কলামে বর্ণিত ৯.৩ ও ৯.৫ যথাক্রমে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় রক্ষিত গার্ড ফাইল হালনাগাদকরণ এবং কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার হিসাবে বিদেশ প্রেরণ পরিবর্তন করে সেবা সহজিকরণ অন্তর্ভুক্ত করা যেতে পারে। অর্জিত সকল কার্যক্রম নিয়মিত হালনাগাদের বিষয়ে তিনি অনুরোধ জানান। সভাপতি, কর্মকর্তাদের মাঠ পর্যায়ে পরিদর্শনকালীন চলমান প্রকল্পগুলো পরিদর্শনের আওতায় নিয়ে আসার জন্য এবং সকল শাখায় কার্যক্রম শতভাগ ই-ফাইলিং এর আওতায় আনার বিষয়ে গুরুত্বারোপ করেন।

৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৪.১ কর্মপরিকল্পনা অনুযায়ী অসমাপ্ত প্রশিক্ষণগুলো আয়োজনের বিষয়ে উপসচিব (প্রশাসন-৩) অধিশাখা কার্যক্রম গ্রহণ করবেন।

- ৪.২ সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার উপসচিব, আইন অধিশাখার সাথে যোগাযোগপূর্বক আইনের তালিকা হালনাগাদের পদক্ষেপ গ্রহণ করবেন।
- ৪.৩ কর্মকর্তাগণ, মাঠ পর্যায়ে পরিদর্শনকালীন চলমান প্রকল্পসমূহ পরিদর্শন করবেন।
- ৪.৪ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক পুরস্কার প্রদানের ক্ষেত্রে সেবা সহজিকরণে ভূমিকা বিবেচনায় নিয়ে পুরস্কার প্রদান করা হবে।
- ৪.৫ মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় রক্ষিত গার্ডফাইল হালনাগাদ বিষয়টি পরিবর্তন করে সেবা সহজিকরণ অন্তর্ভুক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে।

৫। সভায় আর কোন আলোচনার বিষয় আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(কাজী ওয়াছি উদ্দিন) ২০৪
অতিরিক্ত সচিব